

যুগান্তর

বশেমুরবিপ্রবির উপাচার্য হিসেবে দায়িত্ব পেলেন অধ্যাপক শাহজাহান

প্রকাশ : ০৮ অক্টোবর ২০১৯, ১৫:২৮ | অনলাইন সংস্করণ

 গোপালগঞ্জ প্রতিনিধি



অধ্যাপক ড. মো. শাহজাহান। ছবি: যুগান্তর

বলেও ওই বার্তায় উল্লেখ করা হয়।

গোপালগঞ্জের বঙ্গবন্ধু
শেখ মুজিবুর রহমান
বিজ্ঞান ও প্রযুক্তি
বিশ্ববিদ্যালয়ের
(বশেমুরবিপ্রবি)
উপাচার্য হিসেবে চলতি
দায়িত্ব পেলেন
বিশ্ববিদ্যালয়ের
ইলেকট্রনিকস অ্যান্ড
টেলিকমিউনিকশনস
ইঞ্জিনিয়ারিং (ইটিই)
বিভাগের সভাপতি
অধ্যাপক ড. মো.
শাহজাহান।

সোমবার বিকালে শিক্ষা
মন্ত্রণালয় থেকে প্রেরিত
একটি খুদেবার্তার
মাধ্যমে এ দায়িত্বের
বিষয়টি নিশ্চিত করা
হয়েছে।
নতুন উপাচার্য নিয়োগ
না হওয়া পর্যন্ত তিনি এ
দায়িত্ব পালন করবেন

এর আগে রাষ্ট্রপতি ও আচার্য বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার নাসিরউদ্দিনের পদত্যাগপত্র গ্রহণ করেন।

প্রসঙ্গত সীমাইন দুর্নীতি, অনিয়ম, স্বেচ্ছাচারিতা ও মৈত্রিক স্থলনের অভিযোগে শিক্ষার্থীদের তুমুল আন্দোলনের মুখে পদত্যাগ করতে বাধ্য হন বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ড. খোন্দকার নাসিরউদ্দিন।

এদিকে সোমবার সন্ধ্যায় অধ্যাপক ড. মো. শাহজাহানের উপাচার্য হিসেবে চলতি দায়িত্ব পাওয়ার খবর ক্যাম্পাসে এসে পৌঁছালে আন্দোলনরত শিক্ষার্থীরা আনন্দে ফেটে পড়ে।

‘জয় বাংলা-জয় বঙ্গবন্ধু’ স্লোগানে মুখরিত হয়ে ওঠে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। এ সময় ক্যাম্পাসে মিষ্টি বিতরণ করতে দেখা যায় শিক্ষার্থীদের।

অধ্যাপক ড. শাহজাহান তার দায়িত্বের কথা নিশ্চিত করে গণমাধ্যমকে বলেন, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনাই হলো তার প্রথম দায়িত্ব।

পূজার ছুটি শেষে বিশ্ববিদ্যালয় খোলার দিন থেকেই পুরোদমে ক্লাস শুরু হবে। ইতোমধ্যে প্রতিটি ডিপার্টমেন্টের শিক্ষক-শিক্ষার্থীদের অনানুষ্ঠানিকভাবে মেসেজ পৌঁছে দেয়া হয়েছে।

তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে প্রতিষ্ঠিত দক্ষিণ বাংলার অন্যতম শ্রেষ্ঠ বিদ্যাপীঠ এ বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ও গবেষণার একটি রোল মডেল হিসেবে গড়ে তুলতে সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করে যাবেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, আডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।